

# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৪]

১। ঈমান (اکتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৬০. ঈমান সম্পর্কে ওয়াসওয়াসার সৃষ্টি হওয়া এবং কারো অন্তরে যদি তা সৃষ্টি হয় তবে সে কি বলবে?

باب بَيَانِ الْوَسْوَسَةِ فِي الإِيمَانِ وَمَا يَقُولُهُ مَنْ وَجَدَهَا

### আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوف، وَمُحَمَّدُ بْنُ عَبَّاد، \_ وَاللَّفْظُ لِهَارُونَ \_ قَالاَ حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ يَزَالُ النَّاسُ يَتَسَاءَلُونَ حَتَّى يُقَالَ هَذَا خَلَقَ اللَّهُ الْخَلْقَ فَمَنْ خَلَقَ اللَّهُ فَمَنْ وَجَدَ مِنْ ذَلِكَ شَيْئًا فَلْيَقُلْ آمَنْتُ بِاللَّهِ ".

#### বাংলা

২৪১-(২১২/১৩৪) হারান ইবনু মা'রাফ ও মুহাম্মদ ইবনু আব্বাদ (রহঃ) .... আবৃ হুরাইরাহ (রাযিঃ) বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন, মানুষের মনে নানা প্রশ্নের সৃষ্টি হয়। এক পর্যায়ে এমন প্রশ্নেরও সৃষ্টি হয় যে, এ সৃষ্টিজগত তো আল্লাহ সৃষ্টি করেছেন, তাহলে আল্লাহকে সৃষ্টি করল কে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, যার অন্তরে এমন প্রশ্নের উদয় হয় সে যেন বলে, "আমরা আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করেছি"\*।(ইসলামিক ফাউন্ডেশনঃ ২৪৩, ইসলামিক সেন্টারঃ ২৫১)

## **English**

Chapter: Clarifying the Waswasah (Whispers, Bad Thoughts) with regard to faith, and what the one who experiences that should say

It is narrated on the authority of Abu Huraira that the Messenger of Allah (ﷺ) said: Men will continue to question one another till this is propounded: Allah created all things but who created Allah? He who found himself confronted with such a situation should say: I affirm my faith in Allah.

### ফুটনোট

\* শয়তানের কুমন্ত্রণা হতে বাঁচার জন্য আল্লাহর আশ্রয় প্রার্থনা করতে হয়, "আউযুবিল্লা-হি....." পাঠ করবে এবং



বলবে, آمَنْتُ بِاللَّهِ وَرَسُولَه "আমি আল্লাহর উপর এবং রাসূলগণের উপর ঈমান এনেছি" (মুক্তাফাকুন আলাইহি)। হাদীসে উল্লেখ আছে, তাহলে শয়তান নিরাশ হয়ে চলে যায়। কেননা, তার প্রতারণায় কোন ক্ষতি হল না। যদি কারো মনে সন্দেহ আসে তবে তার আরও একটি চিকিৎসা আছে, তা হল শয়তানকে বলবে, আল্লাহ সকলের সৃষ্টিকর্তা। তার সৃষ্টিকর্তা কেউ হতে পারে না। অতএব তোমার এ ধরনের প্রশ্ন বোকামী ছাড়া আর কিছুই নয়। (সংক্ষিপ্ত নাবাবী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন